## AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 29-04.2026** **Time : 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ পশ্চিমবঙ্গ বিধানসভার দ্বিতীয় তথা শেষ দফায় আজ বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া মোটের ওপর শান্তিপূর্ণভাবে ভোটদান এগিয়ে চলেছে। #বেলা ১-টা পর্যন্ত ভোট পড়েছে ৬১ দশমিক ১/১ শতাংশ। #সর্বাধিক ভোট পড়েছে পূর্ব বর্ধমান জেলায় ৬৬ দশমিক ৮'শতাংশ।

২/ উত্তরপ্রদেশ সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ একগুচ্ছ কর্মসূচীতে যোগ দিয়েছেন।

৩/ সরকার ১৯৮৯ সালের মোটর ভেহিকেল রুল বা মোটরযান সংক্রান্ত আইনে প্রস্তাবিত সংশোধনের জন্য খসড়া বিজ্ঞপ্তি জারি করেছে।

৪/ বুদ্ধ পূর্ণিমা উদ্‌যাপন উপলক্ষ্যে বুদ্ধপূর্ণিমা উদযাপন উপলক্ষে ভগবান বুদ্ধর পবিত্র দেহাবশেষ আজ লাদাখ পৌঁছেছে।

৫/ IPL ক্রিকেটে আজ মুম্বাই ইন্ডিয়ান্স সানরাইজার্স, হায়দ্রাবাদের মুখোমুখি হবে।

*****************************************************************

পশ্চিমবঙ্গ বিধানসভার দ্বিতীয় তথা শেষ দফায় বেলা ১-টা পর্যন্ত ভোট পড়েছে ৬১ দশমিক ১/১ শতাংশ। এর মধ্যে পূর্ব বর্ধমানে সর্বাধিক ৪৪ দশমিক পাঁচ শূন্য শতাংশ এবং কলকাতা দক্ষিণে সবচেয়ে কম ৩৬ দশমিক সাত আট শতাংশ ভোট পড়ার খবর মিলেছে।

এছাড়াও হুগলীতে ৩৩ শতাংশের কিছু বেশি, হাওড়ায় ৩৯ শতাংশের বেশি, কলকাতা উত্তরে ৩৮ দশমিক তিন নয়, নদীয়ায় ৪০ শতাংশের সামান্য বেশি। উত্তর ২৪ পরগনায় ৩৮ দশমিক চার দুই, পূর্ব বর্ধমানে সাড়ে ৪৪ এবং দক্ষিণ ২৪ পরগনায় প্রায় ৩৮ শতাংশ ভোট পড়েছে বলে জানা যাচ্ছে। ছোটোখাটো বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া মোটের ওপর ভোটদান পর্ব শান্তিপূর্ণ রয়েছে।

কলকাতা দক্ষিণে ভবানীপুর কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থী মমতা ব্যানার্জী সকালে নির্বাচনী কেন্দ্র ঘুরে দেখেন। নির্বাচন কমিশনের ভূমিকায় ক্ষোভপ্রকাশ করে তিনি অভিযোগ করেন, বাইরে থেকে আসা পর্যবেক্ষকরা ভোটারদের মধ্যে আতঙ্ক ছড়াচ্ছে।

অন্যদিকে, ওই কেন্দ্রেরই বিজেপিপ্রার্থী শুভেন্দু অধিকারীও বুথ পরিদর্শনে যান। কেন্দ্রীয় বাহিনী এবং নির্বাচন কমিশনের ভূমিকায় সন্তোষ ব্যক্ত করেন তিনি।

কিছুক্ষণ বাদেই ওই কেন্দ্রে শ্রী অধিকারিকে ঘিরে শাসক দলের কর্মী সমর্থকরা শ্লোগান দিতে শুরু করেন। শুভেন্দুবাবু বুথে জমায়েতের অভিযোগ করলে এলাকা রণক্ষেত্রের রূপ নেয়। ঘটনাস্হলে উপস্হিত আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের কাছে আমরা সরাসরি চলে যাবো।

(ভয়েস – কাশফিন)

******************************************************************

বিভিন্ন জেলা থেকে বিক্ষিপ্ত অশান্তির খবর আসছে।

দক্ষিণবঙ্গের ৭ জেলার ভোট নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েস – অভিরূপ)

দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারের সিআরপিএফ-এর ডিজি জি পি সিং আজ ওই জেলার পুলিশ পর্যবেক্ষক অজয় পাল শর্মার সঙ্গে বৈঠকে বসেন। ফলতায় একাধিক এলাকার বুথে বিজেপি-র ভোট আটকাতে EVM-এ নির্বাচনী প্রতীকের ওপর টেপ লাগিয়ে দেওয়ার অভিযোগ তুলেছেন বিজেপি প্রার্থী। তাকে কোন বুথে ঢুকতে দেওয়া হচ্ছে না বলেও অভিযোগ করেন তিনি। শাসক দলের কর্মীরা তাঁকে ঘিরে বিক্ষোভ দেখালে কেন্দ্রীয়বাহিনী লাাঠি চার্জ করেন।

বিজেপি ফলতায় পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে।

বাসন্তীতে বিজেপি প্রার্থীর ওপর হামলা চালানোর অভিযোগ উঠেছে। শাসক দলের দিকে অভিযোগের আঙ্গুল উঠলেও তা অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা রয়েছে।

উত্তর ২৪ পরগনার বরানগরের ৭২ নম্বর ওয়ার্ডে নিয়োগী পাড়ায় পাঁচবার ইভিএম পরিবর্তন করতে হয়েছে বলে জানা গেছে। জগদ্দল বিধানসভায় আঁতপুর রাজবাড়ি প্রাথমিক বিদ্যালয়ের ১২২ নম্বর বুথে ভিভিপ্যাট বিকল থাকায় সকাল থেকে ভোটগ্রহণ বন্ধ ছিল। প্রায় পৌনে ১০-টা নাগাদ নির্বচন কমিশনের তৎপরতায় শুরু হয় ভোটগ্রহণ। পানিহাটি পৌরসভার আজাদহিন্দনগর এবং নিউ আদর্শনগরে বিজেপি প্রার্থী রত্ন দেবনাথকে ঘিরে বিক্ষোভ দেখান, শ্লোগান পাল্টা শ্লোগানে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। মিনাখাঁ-র বকজুরি, হাড়োয়া সহ শাসক দলের একাধিক বুথে কেন্দ্রীয় বাহিনী ভাঙচুর চালিয়েছে বলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। তবে, অবৈধ জমায়েতের কারণেই সেগুলি সরিয়ে দেওয়া হয়েছে বলে প্রাথমিকভাবে জানা যাচ্ছে। বাগদা বিধানসভায় ভোটে প্রভাবিত করার অভিযোগ তুলেছেন বিজেপি প্রার্থী সোমা ঠাকুর।

******************************************************************

হাওড়ার বেলুড়ে ১৫২ নম্বর বুথে যান্ত্রিক ত্রুটির জন্য দেরিতে ভোটগ্রহণ শুরু হয়। এসময় এক নির্দল ও শাসক দলের এজেন্টকে কেন্দ্রীয় বাহিনী বার করে দিলে তারা বিক্ষোভ দেখাতে শুরু করে। বুথের সামনে জমায়েত সরাতে লাঠি চার্জও করা হয়।

নদীয়ার চাপড়ার হাটরাইতে বিজেপি-র এক এজেন্টকে মারধোর করে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। যদিও অভিযোগা অস্বীকার করেছে তারা।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গের দ্বিতীয় পর্যায়ের বিধানসভা নির্বাচনে ভোটদাতাদের রেকর্ড সংখ্যায় ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক পোস্টে তিনি, মহিলা ও য্যব সম্প্রদায়কে বিশেষভাবে ভোটদানে এগিয়ে আশার কথা বলেন।

**********************************************************************

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে পশ্চিমবঙ্গের ভোটারদের বিপুল সংখ্যায় ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন। সমাজমাধ্যমের এক বার্তায়, শ্রী খাড়গে তরুণ এবং প্রথমবারের ভোটারদেরও ভোটদান প্রক্রিয়ায় অংশ নিতে ও তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে আবেদন জানিয়েছেন।

**********************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে দ্বিতীয় তথা শেষ দফা'।

রাজ্য বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। এদিকে, ভোটের দিন আজ সন্ধ্যায় ৭-৫০-এর স্থানীয় সংবাদ ১০ মিনিটের পরিবর্তে ১৫ মিনিটের হবে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর প্রদেশের হারদোই জেলায় ৫৯৪ কিলোমিটার দীর্ঘ 'গঙ্গা এক্সপ্রেসওয়ে'-এর উদ্বোধন করেছেন। এই উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেন, হাজার হাজার বছর ধরে গঙ্গা নদী যেভাবে উত্তর প্রদেশের জীবনরেখা হয়ে রয়েছে, ঠিক একইভাবে এই এক্সপ্রেসওয়েটিও রাজ্যের উন্নয়নের নতুন জীবনরেখা হয়ে উঠবে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে শ্রী কাশী বিশ্বনাথ মন্দির পরিদর্শন করেন। তিনি মন্দিরের গর্ভগৃহে ২০ মিনিট ধরে পূজা-অর্চনা করেন। তিনি দেশের নাগরিকদের সুখ ও শান্তির জন্য প্রার্থনা করেছেন।

প্রধানমন্ত্রী যখন মন্দির থেকে বেরিয়ে আসেন, তখন বিজেপি কর্মীরা তাঁকে একটি ত্রিশূল ও একটি ডমরু উপহার দেন। এরপর প্রধানমন্ত্রী সেই ত্রিশূলটি হাতে তুলে নেন। প্রধানমন্ত্রী মন্দিরের প্রাঙ্গণে উপস্থিত কয়েকজন ভক্তের সঙ্গেও কথা বলেন।

*********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আজ হিমাচল প্রদেশের রোটাং এ অটল টানেলের পূর্ব নির্ধারিত সফর খারাপ আবহাওয়ার কারণে বাতিল করা হয়েছে। আবহাওয়ার ক্রমাগত অবনতি, জোরালো হাওয়া, বৃষ্টি ও তুষারের আগাম সতর্ক বার্তার পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতি সফরে নিরাপত্তার কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর। রাষ্ট্রপতির হিমাচল প্রদেশ সফরে অটল টানেলে গিয়ে বর্ডার রোডস অর্গানাইজেশনের আধিকারিকদের সঙ্গে মতামত বিনিময় করার কথা ছিল তাঁর।

*********************************************************************

সরকার ১৯৮৯ সালের মোটর ভেহিকেল রুল বা মোটরযান সংক্রান্ত আইনে প্রস্তাবিত সংশোধনের জন্য খসড়া বিজ্ঞপ্তি জারি করেছে। এই বিজ্ঞপ্তিতে ইথানল ও জৈব জ্বালানির লক্ষ্য পূরণে প্রযুক্তিগত জ্বালানি ক্ষেত্রে সংশোধনের প্রস্তাব রয়েছে। বেশকিছু পরিবর্তনও করেছে সরকার। হাইড্রোজেন চালিত যানগুলির ক্ষেত্রে হাইড্রোজেন প্লাস সি এন-কে সংশোধন করে হাইড্রোজেন প্লাস সি এন জি-তে রূপান্ত করা হয়েছে। বায়ো ডিজেলের ক্ষেত্রে সংশোধিত মাত্রা বি-টেন থেকে বাড়িয়ে বি-হান্ড্রেড করার প্রস্তাব রয়েছে।

*********************************************************************

গুজরাতের স্থানীয় প্রশাসনের নির্বাচনে বিজেপি নিরঙ্কুশ জয়লাভ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই জয়ে গুজরাতের মানুষকে শুভেচ্ছা জানিয়েছে। এপ্রিলের ২৬ তারিখ রাজ্যের ১৭ টি পুরনিগমের মধ্যে ১৫ টিতে নির্বাচন হয়। র সবকটাতেই জয় নিশ্চিত করেছে বিজেপি। বাকি দুটির মেয়াদ এখনও শেষ হয়নি। মোরবি ও পোরবন্দর পুর নিগমে ৫২ আসনের সব কটিতেই জিতেছে বিজেপি। এর ফলে বিজেপি ওই রাজ্যে ৩৪ টি জেলা পঞ্চায়েতের মধ্যে ৩৩ টি এবং ৮৪ টি পুরসভার মধ্যে ৭৮ টির দখল পেল।

*********************************************************************

সংযুক্ত আরব আমিরশাহি আগামী পয়লা মে থেকে পেট্রোলিয়াম রপ্তানিকারক দেশগুলি নিয়ে তৈরি আন্তঃসরকারি সংস্থা OPEC থেকে আলাদা হয়ে যাওয়ার কথা ঘোষণা করেছে। তেলের অন্যতম সর্ববৃহৎ উৎপাদক দেশটির এই সিদ্ধান্তের ফলে বিশ্বের বাজারে তেলের সরবরাহ ও মূল্যের উপর OPEC এর প্রভাব কমবে বলে মনে করা হচ্ছে। সংযুক্ত আরব আমিরশাহির OPEC ছাড়া নিয়ে এর আগেও বহুবার চর্চা হয়েছে। কারণ ওপেকের উৎপাদন কোটার মাধ্যমে নিজেদের ইচ্ছে মতো তারা বেশি পরিমাণে তেল বিশ্বের বাজারে বিক্রি করতে পারবে না বলে অসন্তোষ প্রকাশ করে সংযুক্ত আরব আমিরশাহী। অবশ্য পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে তেলের সংকটের কারণে সংযুক্ত আরব আমিরশাহীর ওপেকের সদস্য পদ ছাড়ার তাৎক্ষনিক কোনও প্রভাব তেলের বাজারে পড়বে না বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

*********************************************************************

এক ঐতিহাসিক ঘটনার অংশ হিসেবে ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষ আজ কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে এসে পৌঁছেছে। আগামী ১লা মে থেকে ১৫ই মে পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য এগুলি উন্মুক্ত রাখা

থাকবে। ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষগুলির নিরাপত্তা নিশ্চিত করতে 'জেড-শ্রেণি' সমতুল্ কঠোর নিরাপত্তা বেষ্টনীতে বিমানবাহিনীর একটি বিশেষ বিমানে করে এগুলি আনা হয়েছে।

উল্লেখ্য পবিত্র এই দেহাবশেষগুলি কপিলাবস্তুর পিপরাহওয়া স্তূপের সঙ্গে সম্পর্কিত। এই প্রথম দেহাবশেষগুলি জনসাধারণের দর্শনের জন্য বাইরে আনা হল। বুদ্ধ পূর্ণিমার দিন থেকেই জনগণ এটি দর্শন করতে পারবেন।

*******************************************************************

উত্তর প্রদেশের গাজিয়াবাদের একটি আবাসনে অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। সকাল সাড়ে ৮টা নাগাদ এই ঘটনাটি ঘটে। সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলার সময় প্রধান দমকল আধিকারিক রাহুল পাল জানিয়েছেন, আবাসনের একটি ভবনের ন' তলার একটি ফ্ল্যাটে আগুন লাগে। আগুন এখন সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে এবং এই ঘটনায় কেউ হতাহত হননি।

*******************************************************************

মিজোরামে ভারী বৃষ্টিপাতের ফলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত। আইজল, সেরছিপ এবং দক্ষিণ মিজোরামের লুংলেই জেলার স্কুলগুলি আজও টানা দু' দিন বন্ধ রয়েছে।

সোমবার থেকে প্রবল বৃষ্টিপাতের কারণে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ৭০টিরও বেশি ঘরবাড়ি, স্কুল, চার্চ হল এবং সরকারি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। অবশ্য, এখনও পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

*******************************************************************

আইপিএল ক্রিকেটে গতকাল চণ্ডীগড়ে পাঞ্জাব কিংসকে ছয় উইকেটে পরাজিত করেছে রাজস্থান রয়্যালস। প্রথমে ব্যাট করে রাজস্থানের সামনে ২২৩ রানের লক্ষ্যমাত্রা রাখে পাঞ্জাব। জবাবে রাজস্থান চার বল বাকি থাকতেই লক্ষ্যে পৌঁছে যায়। রাজস্থানের ডোনোভান ফেরেইরা ৫২ রানে অপরাজিত ছিলেন। যশস্বী জয়সওয়াল করেন ৫১।

আইপিএলে আজ মুম্বই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে সানরাইজার্স হায়দ্রাবাদ। মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

*******************************************************************